দৈনিক সংবাদ

তারিখ 29 MAR 1986
পৃষ্ঠা 1 কলাম 6

09

**চট্টগ্রাম মেডিক্যাল কলেজ**

# ছাত্রাবাসের ঘটনা তদন্তে টীম গঠন

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ২৮শে মার্চ।— চট্টগ্রাম মেডিক্যাল কলেজ ছাত্রাবাসে সংঘটিত ঘটনার তদন্তের জন্য স্বাস্থ্য মন্ত্রণালয়ের একজন ঊর্ধতন কর্মকর্তাকে প্রধান করে একটি তদন্ত টীম গঠন করা হয়েছে। টীমের প্রধান আগামীকাল চট্টগ্রাম এসে পৌছাবেন।

কলেজ কর্তৃপক্ষ একজন ম্যাজিষ্ট্রেটকে দিয়ে ছাত্রাবাসের ক্ষয়ক্ষতির ওপর একটি রিপোর্ট তৈরী করেছেন। মোট ৫৭ টি রুম ক্ষতিগ্রস্ত হয়েছে। এরমধ্যে ২০টি রুমের সম্পূর্ণ জিনিসপত্র পুড়িয়ে দেয়া হয়েছে।

কলেজের অধ্যক্ষ জানান, তিনি যত শিগগির সম্ভব কলেজ খুলতে আগ্রহী। ছাত্র ছাত্রীদের নিরাপত্তার খাতিরে কলেজ সাময়িকভাবে বন্ধ ঘোষণা করা হয়েছে।

তিনি বলেন, ঘটনার রাতে তিনি ও পরিচালকসহ কয়েকজন অধ্যাপক যদি ছাত্রাবাসের ভেতরে না ঢুকতেন তাহলে, বহু ছাত্রের প্রাণহানি ঘটতো। গোলাগুলী যারা করেছে তাদেরকে তিনি ছাত্র বলে সনাক্ত করতে পারেননি।